



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



## প্রেস-রিলিজ

### জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ওয়েবিনার আয়োজন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১২ আগস্ট ২০২১।

১৫ আগস্ট জাতীয় শোক দিবস। মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে দিনব্যাপী নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচির মধ্যে রয়েছে সকাল ৬ টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্ট শহীদদের রুহের মাগফিরাত কামনায় পবিত্র কুরআন শরীফ খতম, সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, ১০:৩০ টায় বৃক্ষরোপন এবং বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া ও মন্দিরে বিশেষ প্রার্থনা। এছাড়াও বিকাল ৪ টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে এক ওয়েবিনার অনুষ্ঠিত হবে। ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে যুক্ত থাকবেন বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী। সভাপতিত্ব করবেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। জুম প্লাটফর্মে অনুষ্ঠিতব্য ওয়েবিনারটি বিশ্ববিদ্যালয়ের ফেসবুক পেজ (<https://www.facebook.com/buniv>) থেকে সরাসরি সম্প্রচারিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস